

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৩৮

৪. সাওম অধ্যায় (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ১২. যা দিয়ে ইফতার করা মুস্তাহাব (পছন্দনীয়)

بَابِ مَا يُسْتَحَبُّ الْإِفْطَارُ عَلَيْهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا ثَابِتُ بْنُ يَزِيدَ حَدَّثَنَا عَاصِمٌ عَنْ حَفْصَةَ عَنْ الرَّبَابِ الضَّبِيَّةِ عَنْ عَمِّهَا سَلْمَانَ بْنِ عَامِرٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا أَفْطَرَ أَحَدُكُمْ فَلْيُفْطِرْ عَلَى مَاءٍ فَإِنَّ الْمَاءَ طَهُورٌ عَلَى تَمْرٍ فَإِنْ لَمْ يَجِدْ فَلْيُفْطِرْ عَلَى مَاءٍ فَإِنَّ الْمَاءَ طَهُورٌ

বাংলা

১৭৩৮. সালমান ইবন আমের রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যখন তোমাদের কেউ রোযা রাখে, তখন সে যেন খেজুর দ্বারা ইফতার করে। আর সে যদি খেজুর না পায়, তবে সে যেন পানি দ্বারা ইফতার করে, কেননা পানি পবিত্র।"[1]

ফুটনোট

[1] তাহক্রীক্ক: এর সনদ উত্তম (জাইয়্যেদ)।

তাখরীজ: ((আবূ দাউদ, সওম ২৩৫৫; তিরমিয়ী, সওম ৬৯৫, তিরমিয়ী বলেন: হাদীসটি হাসান সহীহ "; ইবনু মাজাহ, সিয়াম ১৬৯৯; আলবানী তার সহীহুল জামি' ১/১৫৮ তে বলেন: সহীহ। কাওয়ায আহমেদের দারেমী হা/১৭০১ এর টীকা হতে। অনুবাদক))

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মাওয়ারিদুয যাম'আন নং ৮৯২, ৮৯৩ ও সহীহ ইবনু হিব্বান নং ৩৫১৪, ৩৫১৫ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সালমান ইবনু 'আমির আয় যব্বী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন